**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 17-11-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

## Headlines :

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, আগরতলা শহরে যানজট নিরসনে অত্যাধুনিক প্রযুক্তি ব্যবহারের উদ্যোগ নেওয়া হয়েছে|**
**(২) সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষামন্ত্রী টিংকু রায় বলেছেন, নিপুণ ত্রিপুরা মিশন কর্মসূচির মাধ্যমে শিশুদের দক্ষতা, আদর্শ ও মূল্যবোধের বিকাশ হচ্ছে।**
**(৩) সেনাপ্রধান জেনারেল উপেন্দ্র দ্বিবেদী বলেছেন, সন্ত্রাসবাদকে যারা উৎসাহিত করবে তাদের উপযুক্ত জবাব দেওয়া হবে।**

**(৪) কোচবিহার ট্রফি অনূর্ধ্ব ১৯ বছরের ক্রিকেটের চারদিনের খেলায় হরিয়ানার বিরুদ্ধে প্রথম ইনিংসে লিড নিল ত্রিপুরা।**

**********************************************

**CM-Transport Department :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, আগরতলা শহরে যানজট নিরসনে অত্যাধুনিক প্রযুক্তি ব্যবহারের উদ্যোগ নেওয়া হয়েছে। আজ আগরতলার চিফ মিনিস্টার ওয়ার রুমে আগরতলা শহরের পরিবহন ব্যবস্থা নিয়ে এক পর্যালোচনা বৈঠকে তিনি একথা বলেন। তিনি বলেন, রাজ্য সরকার একটি উন্নত যোগাযোগ ব্যবস্থা গড়ে তোলার জন্য বহুমুখী পরিকল্পনা গ্রহণ করে কাজ করছে। বৈঠকে রাজ্য প্রশাসনের পদস্থ আধিকারিকগণ উপস্থিত ছিলেন।

* * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * *

**Nipun Fest-Unakoti :**

সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষামন্ত্রী টিংকু রায় বলেছেন, নিপুণ ত্রিপুরা মিশন কর্মসূচির মাধ্যমে শিশুদের দক্ষতা, আদর্শ ও মূল্যবোধের বিকাশ হচ্ছে। গাণিতিক বিষয় সহ আত্মপ্রত্যয় বাড়ছে তিন থেকে নয় বছর বয়সী শিশু শিক্ষার্থীদের। আজ কৈলাশহরের ঊনকোটি কলাক্ষেত্রে জেলাভিত্তিক নিপুণ উৎসব-২০২৫ এর উদ্বোধনী ভাষণে তিনি একথা বলেন। বক্তব্য রাখেন ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, জেলাশাসক ডক্টর তমাল মজুমদার, জেলা শিক্ষা আধিকারিক প্রশান্ত কিলিকদার প্রমুখ। অনুষ্ঠানে শিক্ষণ লিখন সামগ্রী নিয়ে স্টল খোলা হয়। তাছাড়া স্বদেশী পুষ্টিকর খাদ্যের স্টল ও খোলা হয়। মোট ৪৬ জন শিশুকে তাদের সাফল্যের নিরিখে পুরষ্কৃত করা হয়। তাছাড়া ক্লাষ্টার রিসোর্স পারসন এবং ব্লক রিসোর্স পারসনদের স্মারক উপহার তুলে দেওয়া হয়।

************************

**Sushanta Chowdhury on Transport :**

পরিবহণ মন্ত্রী সুশান্ত চৌধুরীর পৌরহিত্যে আজ মহাকরনে মহাসড়ক নির্মাণের বিষয়ে এক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠক শেষে তিনি জানান, জাতীয় সড়ক সম্প্রসারণের কাজে জমি সংক্রান্ত যেসব সমস্যা রয়েছে তা নিরসন করে রানীরবাজার অগ্নি নির্বাপক স্টেশন থেকে মাধববাড়িস্থিত আন্তঃরাজ্য ট্রাক টার্মিনাস পর্যন্ত আসাম-আগরতলা জাতীয় সড়কের চার লেনের সম্প্রসারণ ও উন্নয়নের কাজ আরও দ্রুত গতিতে এগিয়ে নিতে বৈঠকে আলোচনা হয়েছে। উপস্থিত ছিলেন পূর্ত দপ্তরের সচিব কিরণ গিত্যে, সড়ক নির্মাণের কাজের সাথে যুক্ত সংস্থা ন্যাশনাল হাইওয়েজ অ্যান্ড ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড ও পূর্ত দপ্তরের মুখ্য বাস্তুকার প্রমুখ।

*****************************

**Package Story-Bal Vivha Mukta Bharat :**

ত্রিপুরাকে বাল্য বিবাহমুক্ত রাজ্য হিসেবে গড়ে তোলার কর্মকান্ড সরকারী-বেসরকারী সমস্তস্তরেই অব্যাহত আছে। এক্ষেত্রে রাজ্য সরকারের দায়বদ্ধ

দপ্তরগুলির পাশাপাশি জেলা প্রশাসন, আইনসেবা কর্তৃপক্ষ, আরক্ষা প্রশাসনের সঙ্গে সক্রিয়ভাবে মানুষের পাশে গিয়ে সচেতনতার প্রয়াস চালাচ্ছে বেসরকারী সামাজিক সংগঠনও। এরকমই সংগঠন চাইল্ড ইন নিড ইনস্টিটিউট - সিনি। বাল্য বিবাহ মুক্ত ত্রিপুরার স্বপ্নকে জন আন্দোলনেই রূপ দিতে আন্তরিক এই সংস্থা। এনিয়ে শুনুন এই প্রতিবেদন।

########VC#######

**********************************

**MP Fund-Water Tank :**

সাংসদ কৃতী দেবী দেববর্মন খোয়াই জেলার তুলাশিখর ও মুঙ্গিয়াকামী ব্লকের জন্য সাংসদ তহবিল থেকে ৩৪ লক্ষ টাকা ব্যয়ে ৬০০০ লিটারের দুটি পানীয় জলের ট্যাংকার প্রদান করেছেন। আজ সকালে খোয়াই জেলার জেলাশাসক কার্যালয়ের সামনে এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে সাংসদ শ্রীমতি দেববর্মণ ছাড়াও জেলাশাসক রজত পন্থ, অতিরিক্ত জেলাশাসক অভিজিৎ চক্রবর্তী সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

*************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****************************

**CDD :**

প্রতিরক্ষা মন্ত্রক ২৭শে নভেম্বর থেকে নতুনদিল্লিতে ২০২৫ সালের এবং তৃতীয় পর্বের চাণক্য প্রতিরক্ষা আলোচনার আয়োজন করবে। ভারতীয় সেনাবাহিনী, সেন্টার ফর ল্যান্ড ওয়ারফেয়ার স্টাডিজের সহযোগিতায়, আজ মানেকশ সেন্টারে এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে ভাষণ দিতে গিয়ে, সেনাপ্রধান জেনারেল উপেন্দ্র দ্বিবেদী জাতীয় উন্নয়ন এবং নিরাপত্তার মধ্যে যোগসূত্র তুলে ধরে, উল্লেখ করেন যে ২০৪৭ সালে বিকশিত ভারতের লক্ষ্য পূরণের জন্য সুস্থায়ী স্থিতিশীলতা এবং একটি নিরাপদ পরিবেশ প্রয়োজন।

প্রতিরক্ষা মন্ত্রক জানিয়েছে যে দুই দিনের এই অনুষ্ঠানে জাতীয় ও আন্তর্জাতিক বিশেষজ্ঞরা একত্রিত হয়ে প্রতিরক্ষা সংস্কার, প্রযুক্তিগত রূপান্তর, অসামরিক-সামরিক একীকরণ এবং বিকশিত ভারত @2047 এর আগে ভারতের উদীয়মান নিরাপত্তা অগ্রাধিকারগুলি নিয়ে আলোচনা করবেন। "সংস্কার থেকে রূপান্তর: সশক্ত, সুরক্ষিত এবং বিকশিত ভারত" বিষয়ে অধীনে CDD-2025 আয়োজন করা হচ্ছে।

সেনাপ্রধান জেনারেল উপেন্দ্র দ্বিবেদী বলেছেন যে জম্মু ও কাশ্মীরে সন্ত্রাসী কার্যকলাপ উল্লেখযোগ্য হ্রাস পেয়েছে। তিনি বলেন ভারত যেকোনো ধরণের যুদ্ধের জবাব দিতে প্রস্তুত। তিনি বলেন, যারা সন্ত্রাসবাদকে উৎসাহিত করবে এবং পৃষ্ঠপোষকতা করবে তাদের উপযুক্ত জবাব দেওয়া হবে। সেনাপ্রধান বলেন, অপারেশন সিন্দুর ছিল কেবল একটি ট্রেলার।

######Byte- Upendra Dwivedi######

*********************************

**Sheikh Hasina :**

বাংলাদেশের প্রাক্তন প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে মানবতাবিরোধী অপরাধের দায়ে দোষী সাব্যস্ত করেছে বাংলাদেশের আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল।

এর আগে বিচারপতি মো. গোলাম মর্তুজা মজুমদারের নেতৃত্বাধীন তিন বিচারপতির প্যানেল রায়ের তারিখ নিশ্চিত করে এবং ঢাকা জুড়ে নিরাপত্তা জোরদার করা হয়। ট্রাইব্যুনাল চত্বরের চারপাশে বর্ডার গার্ড বাংলাদেশ, রেপিড অ্যাকশন ব্যাটালিয়ন এবং সেনাবাহিনীর অতিরিক্ত বাহিনী মোতায়েন করা হয়েছে।

প্রসিকিউটররা জানিয়েছেন, গত বছরের জুলাই-আগস্টের ছাত্র-নেতৃত্বাধীন বিদ্রোহ থেকে শেখ হাসিনাকে অভিযুক্ত করা হয় এবং বলা হয়, সে সময় তৎকালীন আওয়ামী লীগ সরকার বিক্ষোভকারীদের উপর সহিংস দমন-পীড়ন চালায়। এদিকে, রায়ের পর রাজনৈতিক সমাবেশ বা অস্থিরতার আশঙ্কায় নিরাপত্তা সংস্থাগুলি শুধু ঢাকায় নয়, গোপালগঞ্জ, মাদারীপুর ও ফরিদপুরেও টহল জোরদার করেছে।

***************************

**ISRO :**

ইসরো এই অর্থবছরে আরও সাতটি উৎক্ষেপণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে এবং চন্দ্রযান-৪-এর উৎক্ষেপণেরও সরকারি অনুমোদন পাওয়া গেছে। ইসরোর চেয়ারম্যান ভি নারায়ণন, জানিয়েছেন ২০৩৫ সালকে লক্ষ্য রেখে একটি ভারতীয় মহাকাশ স্টেশনের কাজ শুরু হয়েছে। ভারতের প্রথম মানব মহাকাশযান ২০২৭ সালে পাঠানোর লক্ষ্য স্থির করা হয়েছে। উল্লেখ্য, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ২০৪০ সালের মধ্যে চাঁদে ভারতীয় মহাকাশচারী পাঠানোর পরিকল্পনা করার জন্য ইসরোকে নির্দেশ দিয়েছেন।

****************************

**Mayor :**

আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার আজ জানিয়েছেন, আগামীকাল থেকে শহরবাসীদের বিশুদ্ধ জলের সমস্যা অনেকটাই সমাধান হবে। আগামীকাল সকাল ১১টায় মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আগরতলায় একসঙ্গে ২৪টি আয়রন রিমুভ্যাল প্ল্যান্টের উদ্বোধন করবেন। রবীন্দ্র শতবার্ষিকী ভবনের সামনে থেকেই সবগুলি প্ল্যান্টের আনুষ্ঠানিক

উদ্বোধন হবে। মেয়র আরও জানান, আগরতলা পুর নিগমের পূর্ব জোনে চারটি, দক্ষিণ জোনে পাঁচটি, উত্তর জোনে ১২টি এবং সেন্ট্রাল জোনে তিনটি নতুন আইআরপির উদ্বোধন হবে। এই আই.আর.পি-গুলি শহরে বিশুদ্ধ পানীয় জল পরিসেবা দেওয়ার ক্ষেত্রে কার্যকরী ভুমিকা নেবে বলে মেয়র জানিয়েছেন।

****************************

**Nipun Fest Dhalai :**

ধলাই জেলা শিক্ষা দপ্তরের উদ্যোগে আজ কুলাই কলোনি উচ্চ বিদ্যালয়ে জেলাভিত্তিক নিপুন ফেস্ট-২০২৫ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন ধলাই জিলা পরিষদের সহকারী সভাধিপতি অনাদি সরকার। নিপুন ফেস্টকে কেন্দ্র করে জেলার অন্তর্গত ৮টি ব্লক এলাকা থেকে ৮টি শিক্ষামূলক স্টল খোলা হয়।

***************************

**Cooch Behar Trophy :**

কোচবিহার ট্রফি অনূর্ধ্ব ১৯ বছরের ক্রিকেটের চারদিনের খেলায় হরিয়ানার বিরুদ্ধে প্রথম ইনিংসে লিড নিল ত্রিপুরা। এম বি বি স্টেডিয়ামে ৩ উইকেটে ৫৯ রান থেকে দ্বিতীয় দিনে খেলতে নেমে রাজ্যদল প্রথম ইনিংসে সবকটি উইকেট হারিয়ে ১৯৫ রান সংগ্রহ করে। ২৩ রানে পিছিয়ে থেকে দ্বিতীয় ইনিংসে হরিয়ানা দিনের শেষে বিনা উইকেটে ১৪ রান করে। এর আগে হরিয়ানা প্রথম ইনিংসে ১৭২ রান করেছিল।

*****************************

**Ranji Trophy :**

রঞ্জি ট্রফির চারদিনের খেলায় ত্রিপুরার বিরুদ্ধে বড় স্কোর গড়েছে রেলওয়ে। গুজরাটের ভালসাদের সর্দার প্যাটেল স্টেডিয়ামে ২ উইকেটে ১৪৯ রান থেকে ব্যাট করতে নেমে স্বাগতিক রেলওয়ে প্রথম ইনিংসে দ্বিতীয় দিনের

শেষে ৯ উইকেট হারিয়ে ৪৪৬ রান করে। এর আগে রাজ্যদল প্রথম ইনিংসে ১৩৬ রান করেছিল।

*****************************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা থেকে মাঝারি কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩০ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩১.৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৭.৪ ডিগ্রি সেলসিয়াস।

*****************************